

বরিশালে এসএসসির ফরম পূরণে অতিরিক্ত ফি নেয়ার অভিযোগ

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

২০১৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার ফরম পূরণে বরিশাল শিক্ষা বোর্ডের নির্ধারিত ফির চেয়ে অতিরিক্ত টাকা আদায় করা হচ্ছে অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানে। অনেক শিক্ষা প্রতিষ্ঠানে এসএসসি পরীক্ষার্থীর কাছ থেকে বোর্ডের নির্ধারিত ফির চেয়ে দ্বিগুণ টাকা আদায় করার অভিযোগ রয়েছে। ব্যৱহারিক পরীক্ষায় নম্বর কম দেয়া হবে, এমন ভীতিতে অভিভাবকরা শিক্ষকদের এই অনিয়মের বিরুদ্ধে প্রকাশ্যে মুখ খুলছেন। বরিশালের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান সূত্রে এসব তথ্য জানা গেছে।

এ প্রসঙ্গে বরিশাল শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক শাহ মোঃ আলমগীর সাংবাদিকদের জানান, অতিরিক্ত ফি আদায়ে কোন অভিভাবক কিংবা শিক্ষার্থী সুনির্দিষ্টভাবে অভিযোগ দিলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২০১৬ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণ বৃহস্পতিবার ১২ নভেম্বর থেকে শুরু হয়েছে। আগামী ১৮ নভেম্বর পর্যন্ত ফরম পূরণের কার্যক্রম চলবে। বরিশাল শিক্ষা বোর্ডের নির্ধারিত ফি হচ্ছে বিজ্ঞান বিভাগে সর্বসাকল্যে ১ হাজার ৪৪৫ টাকা এবং মানবিক ও বাণিজ্য বিভাগে ১ হাজার ৩৫৫ টাকা। পরীক্ষার্থীদের কাছ থেকে বোর্ড নির্ধারিত ফি গ্রহণ করে ফরম পূরণ

করার জন্য গত ৩ নভেম্বর বরিশাল শিক্ষাবোর্ড তাদের ওয়েব সাইটে সতর্কতা বিজ্ঞপ্তি দিয়েছে। ওই বিজ্ঞপ্তিতে অতিরিক্ত ফি আদায় বন্ধে গত বছর ৯ সেপ্টেম্বর উচ্চাদালতের সুয়োমোটো রুলের (২৫/২০১৪) বলাত দেয়া হয়েছে।

অথচ বরিশাল নগরীর নামিদামি স্কুলসহ বোর্ডের আওতাধীন প্রায় প্রতিটি উপজেলার স্কুলগুলোর কর্তৃপক্ষ শিক্ষার্থীদের কাছ থেকে ফরম পূরণ বাবদ ২৩শ টাকা থেকে ৩ হাজার টাকা পর্যন্ত আদায় শুরু করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। তবে এক্ষেত্রে সংশ্লিষ্ট বিদ্যালয়ের শিক্ষকরা দাবি করেছেন, তারা ফরম পূরণ বাবদ বোর্ড নির্ধারিত টাকাই নিচ্ছেন। অতিরিক্ত টাকা নিচ্ছেন ৩ মাসের কোচিং ফি হিসাবে। এছাড়া স্কুল উন্নয়ন ফি, মডেল টেস্ট ফিসহ নানান খাত দেখিয়ে অতিরিক্ত টাকা নেয়া হচ্ছে।

বরিশাল নগরীর ঐতিহ্যবাহী উদয়ন মাধ্যমিক বিদ্যালয়, মততাজ মজিদুল্লাহ মাধ্যমিক বিদ্যালয়, দলিল উদ্দিন বালিকা বিদ্যালয়ের নাম প্রকাশে অনিচ্ছুক অভিভাবকরা জানিয়েছেন এসব বিদ্যালয়ে ৩ থেকে সাড়ে ৩ হাজার টাকা পর্যন্ত ফরম পূরণের ফি নেয়া হচ্ছে। তবে তাদের সকলের যুক্তি হচ্ছে অতিরিক্ত টাকা নেয়া হচ্ছে কোচিং ফি বাবদ।